



WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours/Programme 1st Semester Examination, 2019

BNGHGEC01T/BNGGCOR01T-BENGALI (GE1/DSC1)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

একক-১

- ১। বৌদ্ধ দর্শন ও সংস্কৃতি চর্চায় বৌদ্ধ বিহারগুলির ভূমিকা নিরূপণ করো। ১০

অথবা

চর্যাপদ কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? চর্যাপদের নামকরণ বিষয়ে ভিন্ন ভিন্ন মতগুলি ১.৫+১.৫+৭=১০
প্রকাশ করো। চর্যাপদের ভাষাতাত্ত্বিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

একক-২

- ২। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আবিষ্কার ও নামকরণ সম্পর্কে লেখো। কাব্যটি কার লেখা, কাব্যটির ২+২+৬=১০
খণ্ডগুলির নাম লেখো। কাব্যটি রচনায় কবির দক্ষতার পরিচয় দাও।

অথবা

মনসা দেবীর উদ্ভবের ইতিহাস উল্লেখ করে প্রাক্চৈতন্য যুগের চারজন 'মনসামঙ্গল' কাব্য ৩+২+৫=১০
রচয়িতার নাম লেখো। এই পর্বের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো।

একক-৩

- ৩। বিদ্যাপতির ব্যক্তি পরিচয় সম্পর্কে লেখো। বিদ্যাপতিকে কেন বাংলা সাহিত্যের অন্তর্ভুক্ত করা হয়, ৫+৫=১০
সে বিষয়ে তোমার সুচিন্তিত মতামত দাও।

অথবা

শাক্ত পদাবলী রচনায় কমলাকান্তের কবি প্রতিভার মূল্যায়ন করো। ১০

একক-৪

- ৪। পাঁচালি কী? বাংলা ভাষার চারজন পাঁচালিকারের নাম লেখো। পাঁচালি রচনায় যে-কোনো ১+২+৭=১০
একজন পাঁচালিকারের ভূমিকা নিরূপণ করো।

অথবা

বাংলা সাহিত্যের ধারায় কবিগানের ভূমিকা কী? কবিগান রচনায় ভোলা ময়রার কবি কৃতিত্ব ৪+৬=১০
আলোচনা করো।

- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২=১০

- (ক) 'বাঙালির রচিত অ-বাংলা সাহিত্য' সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৫
(খ) কৃত্তিবাস ওঝা'র আবির্ভাবকাল বিষয়ে লেখো। ৫
(গ) টীকা লেখো: 'শ্রীশ্রীচৈতন্যচরিতামৃত' ৫
(ঘ) সংক্ষেপে 'টপ্পা' গান বিষয়ে লেখো। ৫

—x—